



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

এমআরএ ভবন

প্লট নং এফ-১৪-ডি/১, আগারগাঁও

শেরে বাংলা নগর (প্রশাসনিক এলাকা), ঢাকা-১২০৭

এমআরএ/সার্কুলার লেটার নং-৮৪

তারিখ: ১৫ পৌষ ১৪৩২
৩০ ডিসেম্বর ২০২৫

প্রধান নির্বাহী কর্মকর্তা

সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সনদপ্রাপ্ত ও সাময়িক অনুমোদন প্রাপ্ত)

বিষয়: ঋণক্ষয় সক্ষিতি সংরক্ষণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ৪৪ অনুসারে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক ৩০ জুন ও ৩১ ডিসেম্বর ভিত্তিক ঋণ শ্রেণীবদ্ধকরণ ও ঋণক্ষয় সক্ষিতি (LLP) সংরক্ষণ করার বিধান রয়েছে। কিন্তু বিগত বছরের প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবসা বাণিজ্যে অস্থিরতার কারণে ৩০ জুন ২০২৪ হতে ৩০ জুন ২০২৫ পর্যন্ত সময়ে মন্দঋণ হিসেবে শ্রেণিকৃত ঋণের বিপরীতে ৫০% ঋণক্ষয় সক্ষিতি সংরক্ষণের বিষয়ে এমআরএ সার্কুলার নং-৮২ জারি করা হয়। অবশিষ্ট ঋণ ক্ষয় সক্ষিতি ৩১ ডিসেম্বর ২০২৫ এর মধ্যে সংরক্ষণের বিষয়ে উক্ত সার্কুলারের ২(খ) নং ক্রমিকে নির্দেশনা দেয়া হয়।

২। (ক) এক্ষণে উক্ত বিধিমালার বিধি ৪৪ অনুযায়ী ৩০ জুন ২০২৫ ভিত্তিক শ্রেণিকৃত ঋণের বিপরীতে প্রয়োজন অনুসারে ঋণ ক্ষয় সক্ষিতি সংরক্ষণের পরামর্শ দেয়া হলো;

(খ) স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ব্যবসা বাণিজ্যে অস্থিরতাসহ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের ঋণ আদায় হার স্বাভাবিক সময়ের তুলনায় হ্রাস পাওয়ায় ০১ জুলাই ২০২৫ হতে ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত সময়ে শ্রেণিকৃত মন্দঋণের বিপরীতে ৫০% ঋণ ক্ষয় সক্ষিতি সংরক্ষণ করা যাবে।

৩। আগামী ৩০শে জুন ২০২৬ এ উক্ত বিধিমালার বিধি ৪৪ অনুসরণে ঋণক্ষয় সক্ষিতি (LLP) সংরক্ষণ করতে হবে।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ আব্দুল মান্নান)

পরিচালক

লাইসেন্স, রেগুলেশন, পলিসি এন্ড ল বিভাগ

ইমেইল: abdul.mannan@mra.gov.bd

নম্বর-৫৩.০৪.০০০০.০২১.২২.০০৩.২৫-২৫৪২

তারিখ: ১৫ পৌষ ১৪৩২
৩০ ডিসেম্বর ২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা;
২. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা;
৪. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা;
৫. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদফতর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা;
৬. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা;
৭. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা;
৮. অফিস কপি।

(মোঃ ফরিদুল হক)

যুগ্ম-পরিচালক